

ঝুঁকি নিরূপন নীতিমালা ও পদ্ধতি (Risk Assessment Policy & Procedure)

ডকুমেন্ট নং (Document No)	ইস্যু তারিখ (Issue Date)	রিভিশন নং (Revision No)	রিভিশন তারিখ (Revision Date)	অনুমোদনকারী (Approved By)
				-----গ্রুপ - সাভার জোন

সূচনা : তৈরি পোষাক শিল্প বাংলাদেশে একটি অনন্য রপ্তানীমুখী প্রতিষ্ঠান। গার্মেন্টস শিল্প থেকে এদেশের প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়ে থাকে। একবিংশ শতাব্দীর সূচনা লগ্নে এই শিল্পের উত্তরোত্তর প্রসার ও ব্যাপ্তি বেশ উৎসাহব্যঞ্জক। বর্তমানে বাংলাদেশের গার্মেন্টস খাতে Dird Group নিজ গুণ ও কর্ম দক্ষতায় দৌদ্বীপ্যমান একটি সক্রিয় গ্রুপ। এই গ্রুপের উত্তরোত্তর উন্নতিকল্পে এবং প্রতিটি ফ্যাক্টরীর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি সুন্দর ও নিরাপদ কাজের পরিবেশ সৃষ্টি করতে Dird Group কর্তৃপক্ষ দৃঢ় প্রতিজ্ঞ। আর সেই লক্ষ্যেই Dird Group ঝুঁকি -----গ্রুপ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ফ্যাক্টরীর সকল সেকশন এবং বিভাগের জন্য ঝুঁকি নিরূপন নীতি প্রণয়ন এবং তা কার্যে পর্যবসিত করার জন্য একটি পলিসি এবং পদ্ধতি তৈরি করেছেন ;

উদ্দেশ্য (Objective) Dird Group এর প্রতিটি ফ্যাক্টরীর জন্য একটি নিরাপদ কর্মপরিবেশ তৈরি করা।

- প্রতিটি ফ্যাক্টরীতে সকলের জন্য সুন্দর, নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ পরিবেশ সৃষ্টি করা।
- সম্ভাব্য সকল প্রকার ঝুঁকির উৎস চিহ্নিত করা এবং দ্রুত ঝুঁকি নিরূপনের / সমাধানের ব্যবস্থা করা।
- ঝুঁকি নিরূপনে দ্রুত বাস্তবসম্মত কর্মপরিকল্পনা তৈরি করা।

পরিধি (Scope) Dird Group সাভার জোনে অবস্থিত দীপ্ত এ্যাপারেলস লিঃ এর সকল সেকশন, বিভাগ এবং ফ্লোর সহ এর আশপাশ এর এবং ফ্যাক্টরীর চারপাশের পরিবেশ।

কর্মপরিকল্পনা (Work Plan)

- ম্যানেজার - ফায়ার এবং এএইচএস এর নেতৃত্বে প্রতিদিন ফ্যাক্টরীসমূহের প্রতিটি সেকশন এবং বিভাগ পরিদর্শন করতে হবে।
- ফ্যাক্টরীসমূহের সকল সেকশন এবং বিভাগ পরিদর্শন করে কোন ঝুঁকি থাকলে তাহা চিহ্নিত করবেন।
- চিহ্নিত ঝুঁকিসমূহ এর মধ্যে গুরুত্ব এবং ঝুঁকির মাত্রা বিবেচনায় যেটি আগে সমাধান করা প্রয়োজন সেটা আগে এবং যেটা অপেক্ষাকৃত পরে সমাধান করা প্রয়োজন তাহা নির্দিষ্ট করবেন।
- এরপর ঝুঁকি নিরূপনে কর্মপরিকল্পনা নির্ধারণ করবেন এবং দায়িত্ব বন্টন করবেন।
- প্রতিদিন ফ্যাক্টরীর সংশ্লিষ্ট এডমিন অফিসারগন ফ্যাক্টরীর প্রতিটি সেকশন এবং বিভাগ পরিদর্শন করবেন এবং কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করবে।
- এডমিন বিভাগের পাশাপাশি ফ্যাক্টরীর মানবসম্পদ বিভাগ, কমপ্লায়েন্স বিভাগ প্রতিদিন ফ্যাক্টরীর বিভিন্ন সেকশন এবং বিভাগ পরিদর্শন করে রিপোর্ট প্রদান করবেন।
- সংশ্লিষ্ট নিরাপত্তা বিভাগ ফ্যাক্টরীর বাউন্ডারী এবং এর আশ-পাশ পরিদর্শন করে কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করবে।
- ফ্যাক্টরীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কাজের গুরুত্ব বিবেচনায় কর্মপরিকল্পনা তৈরি করে কাজের জন্য দায়িত্ববান নির্দিষ্ট করে দিবেন এবং কাজ শেষ করার টাইম লাইন দিবেন।
- উক্ত রিপোর্টে কোন ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হইলে প্রয়োজনীয়তা এবং অগ্রাধীকার ভিত্তিতে কাজ করতে হবে এবং সমস্যার সমাধান করতে হবে।
- কোন সমস্যার সমাধান না হলে সেটা সমাধান না হওয়া ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে রিপোর্ট করতে হবে।
- ফ্যাক্টরীর সেফটি ম্যানেজার এর নেতৃত্বে প্রতি ০২ মাসে এক বার রিপোর্ট আকারে ঝুঁকি নিরূপন করতে হবে।

প্রস্তুতকারী (Prepared By)	অনুমোদনকারী (Approved By)	অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature)	সীল (Seal)
এইচআর এন্ড কমপ্লায়েন্স বিভাগ	নির্বাহী পরিচালক, -----গ্রুপ - সাভার জোন		